# মাস্টার এম এ মোতালেব স্মৃতি পাঠাগারের সভা ‘জ্ঞানভিত্তিক আলোকিত সমাজ বিনির্মাণে পাঠাগারের বিকল্প নেই’

**সিভয়েস২৪ ডেস্ক**

৬ ফেব্রুয়ারি ২০২৫




৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস। ২০২০ সাল থেকে প্রতিবছরের মতো এবারও দেশব্যাপী  উদযাপিত হয় জাতীয় গ্রন্থাগার দিবস। এবারের প্রতিপাদ্য বিষয়, 'সমৃদ্ধ হোক গ্রন্থাগার এই আমাদের অঙ্গীকার।'

এই প্রতিপাদ্য সামনে রেখে আনোয়ারা উপজেলার শিলাইগড়ায় মাস্টার এম এ মোতালেব স্মৃতি সংসদ পাঠাগারের উদ্যোগে বুধবার (৫ ফেব্রুয়ারি) আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তারা বলেন,  জ্ঞানভিত্তিক আলোকিত সমাজ বিনির্মাণে পাঠাগারের বিকল্প নেই।

সভায় উপস্থিত ছিলেন মো: রায়হান উদ্দিন চৌধুরী, এস এম ফরমান উদ্দিন, শহীদুল ইসলাম শহীদ, মো.শাহ্জাহান খালেদ চৌধুরী, রাশেদুল ইসলাম, মেজবাহ উদ্দিন, আলমগীর তারেক চৌধুরী, মো: শাকিল, ফয়সাল রানা, বশির, ইমতিয়াজ, সোহান, ওয়াহিদ ও রিফাত।